BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K.N.C Road, Barasat, Kol-124

লক্ষ্যং বিশ্বমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 6th Semester Examination, 2022

## BNGACOR13T-BENGALI (CC13)

Time Allotted: 2 Hours                                                    Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০

**একক-১**

(ক) মহাকবি কালিদাসের যে-কোনো দুটি কাব্য অবলম্বনে তাঁর কবি-প্রতিভার পরিচয় দাও। ১০

**অথবা**

(খ) শূদ্রকের 'মৃচ্ছকটিক'কে প্রকরণ আখ্যা দেওয়ার তাৎপর্য ব্যাখ্যা করো এবং নাটকটির অভিনবত্ব আলোচনা করো। ৪+৬

**একক-২**

(গ) রোমান্টিক যুগের শ্রেষ্ঠ কবি কীট্স্-এর কবি-প্রতিভার পরিচয় দাও। ১০

**অথবা**

(ঘ) স্কটের ঔপন্যাসিক প্রতিভার পরিচয় দাও। বাংলা উপন্যাস সাহিত্যে স্কটের প্রভাব কতখানি, তা আলোচনা করো। ৬+৪

**একক-৩**

(ঙ) ছায়াবাদী কবি হিসেবে সূর্যকান্ত ত্রিপাঠী নিরালার রচনাগত বিশেষত্ব আলোচনা করো। ১০

**অথবা**

(চ) হিন্দী উপন্যাস সাহিত্যে ফণীশ্বরনাথ রেণুর অবদান আলোচনা করো। ১০

**একক-৪**

(ছ) অসমীয়া কাব্যসাহিত্যে অম্বিকাগিরি রায়চৌধুরীর অবদান সম্পর্কে আলোচনা করো। ১০

**অথবা**

(জ) অসমীয়া নাট্যসাহিত্যের ইতিহাসে লক্ষ্মীনাথ বেজবরুয়ার ভূমিকা কতখানি, তা আলোচনা করো। ১০

BARASAT GOVT COLLEGE "10 K N C Road, Barasat, Kol-124" LIBRARY

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) সংক্ষিপ্ত টীকা লেখোঃ (যে-কোনো ***একটি*** )

অভিজ্ঞান শকুন্তলম্ ; গীতগোবিন্দ; হর্ষচরিত।

(খ) সংক্ষিপ্ত টীকা লেখোঃ (যে-কোনো ***একটি*** )

দ্য প্রিলিউড; ম্যাকবেথ; দ্য ওয়েস্ট ল্যান্ড।

(গ) সংক্ষিপ্ত টীকা লেখোঃ (যে-কোনো ***একটি*** )

মৈলা আঁচল; দুর্লভ বন্ধু; নীহার।

(ঘ) সংক্ষিপ্ত টীকা লেখোঃ (যে-কোনো ***একটি*** )

অসমীয়া কাব্যসাহিত্যে হিতেশ্বর বরবরুয়া; অসমীয়া নাট্যসাহিত্যে কমলাকান্ত ভট্টাচার্য; অসমীয়া কথাসাহিত্যে হলিরাম ডেকা।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 6th Semester Examination, 2022

## BNGACOR14T-BENGALI (CC14)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

### বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

**একক-১**

(ক) ‘‘নিজের বিদ্যাবুদ্ধি প্রকাশ করিবার অভিলাষে এই পুস্তক লিখিতে আরম্ভ করি নাই’’ — কৃষ্ণভামিনী দাসের ‘ইংল্যান্ডে বঙ্গমহিলা’ গ্রন্থটি রচনার প্রকৃত উদ্দেশ্য ব্যক্ত করো। ১০

**অথবা**

(খ) ‘ইংল্যান্ডে বঙ্গমহিলা’ গ্রন্থের চতুর্থ পরিচ্ছেদ অবলম্বনে বেনিস (ভেনিস) নগরের যে চিত্র অঙ্কিত হয়েছে, তা পরিস্ফুট করো। ১০

**একক-২**

(গ) ‘য়ুরোপ প্রবাসীর পত্র’ গ্রন্থে রবীন্দ্রসমকালীন ইউরোপের রাজনীতি চর্চার ইতিহাস আলোচনা করো। ১০

**অথবা**

(ঘ) ‘য়ুরোপ প্রবাসীর পত্র’ গ্রন্থ অবলম্বনে ইংরাজ নারী ও পুরুষের যে বৈশিষ্ট্যগুলি স্পষ্ট হয়ে উঠেছে তার উল্লেখ করো। ১০

**একক-৩**

(ঙ) ‘দেশে বিদেশে’ গ্রন্থের আব্দুর রহমান চরিত্রটির পরিচয় দাও। লেখকের সাথে তার সম্পর্ক বিষয়ে আলোচনা করো। ৫+৫

**অথবা**

(চ) মুজতবা আলীর ‘দেশে বিদেশে’ গ্রন্থে পাঠানদের সমাজ ও সংস্কৃতির যে পরিচয় মেলে তা সংক্ষেপে চিত্রিত করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K N C Road, Barasat, Kol-124

**একক-৪**

(ছ) ‘হে পূর্ণ তব চরণের কাছে’ ভ্রমণ কাহিনীতে যে হাস্যরসের সন্ধান পাওয়া যায় তা লিপিবদ্ধ করো। ১০

**অথবা**

(জ) ‘হে পূর্ণ তব চরণের কাছে’ গ্রন্থটির প্রকাশরীতির অভিনবত্ব বিষয়ে আলোচনা করো। ১০

**বিভাগ-খ**

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটির শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) ইংল্যান্ডে শরৎকালটি কোন সময়ে ? এই শরৎকালের প্রাকৃতিক অবস্থার সংক্ষিপ্ত বর্ণনা দাও। ৫

(খ) রবীন্দ্রনাথের চোখে T. মশাই কেমন মানুষ ছিলেন ? ৫

(গ) “আমি বললুম, ব্রাদার, আমার ফিঁয়াসে নেই, এসব জাকারিয়া স্ট্রীট থেকে কেনা।” — ব্রাদারটি কে ? প্রসঙ্গ উল্লেখ করে কথনটির ব্যাখ্যা দাও। ১+৪

(ঘ) “জাদুর চটিটি পায়ে গলিয়ে হাতে হাতে তালি পড়ল। চলো হৃষীকেশ” — কার কথা ? প্রসঙ্গটি আলোচনা করো। ১+৪

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Programme 6th Semester Examination, 2022

## BNGGDSE04T-BENGALI (DSE2)

Time Allotted: 2 Hours — Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১০×৪ = ৪০

**একক-১**

(ক) ‘সধবার একাদশী’ নাটক অবলম্বনে নিমচাঁদ চরিত্রটি আলোচনা করো। — ১০

**অথবা**

(খ) সমকালীন সমাজজীবনের প্রতিচ্ছবি কীভাবে ‘এমন কর্ম আর করব না’ প্রহসনে প্রতিবিম্বিত হয়েছে আলোচনা করো। — ১০

**একক-২**

(গ) গিরিশচন্দ্র ঘোষের ‘সিরাজদ্দৌলা’ নাটকে চিত্রিত ঘসেটি বেগম চরিত্রটির মূল্যায়ন করো। — ১০

**অথবা**

(ঘ) গিরিশচন্দ্র ঘোষের ‘সিরাজদ্দৌলা’ নাটকে সঙ্গীতের ব্যবহার নাট্যকাহিনির সঙ্গে কতটা সংগতিপূর্ণ হয়েছে আলোচনা করো। — ১০

**একক-৩**

(ঙ) ‘চণ্ডালিকা’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। — ১০

**অথবা**

(চ) ‘চণ্ডালিকা’ নাটকে প্রকৃতির মা-এর চরিত্রটির ভূমিকা সংক্ষেপে আলোচনা করো। — ১০

**একক-৪**

(ছ) ‘কারাগার’ নাটকে নারী চরিত্র অঙ্কনে নাট্যকার মন্মথ রায়ের কৃতিত্ব আলোচনা করো। — ১০

**অথবা**

(জ) ‘কারাগার’ নাটকে গানের ভূমিকা আলোচনা করো। — ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) ‘‘দত্ত কারো ভৃত্য নয়।’’ – উক্তিটি কে, কার উদ্দেশে করেছে ? উদ্ধৃত উক্তিটির প্রসঙ্গ নির্দেশ করো। ১+১+৩

(খ) ‘হাঁ, প্রায়শ্চিত্ত কর্ব্ব, ধর্ষিতা হয়েছি বলে নয়, মনুষ্যত্বহীন এই পঙ্কিল সমাজে জন্মগ্রহণ করেছি বলে।’ – কে, কাকে একথা বলেছে ? আলোচ্য উক্তির মাধ্যমে বক্তা সমাজের যে দিকটি চিহ্নিত করেছেন তা আলোচনা করো। ১+১+৩

(গ) ‘‘দুঃখ দিয়ে মেটাব দুঃখ তোমার,<br>স্নান করাব অতল জলে বিপুল বেদনার।’’ ১+৪

— গানটির উৎস নির্দেশ করে তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঘ) ‘‘যে আমারে দিয়েছে ডাক,<br>বচনহারা আমাকে দিয়েছে বাক্।’’ ১+৪

— এটি কোন্ নাটকের অন্তর্গত ? উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

**WEST BENGAL STATE UNIVERSITY**
B.A. Honours 6th Semester Examination, 2022

# BNGADSE04T-BENGALI (DSE3/4)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

## বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০

**একক-১**

(ক) ‘ইয়োকাস্তে’ প্রবন্ধ অবলম্বনে নাটকে সংলাপের গুরুত্ব আলোচনা করো। ১০

**অথবা**

(খ) ‘কীভাবে রবীন্দ্রনাথে পৌঁছানো গেল’ প্রবন্ধে প্রাবন্ধিক যেভাবে রবীন্দ্রনাথকে আশ্রয় করে স্বকীয় চিন্তাভাবনাকে স্পষ্ট করেছেন তা উদাহরণসহ পর্যালোচনা করো। ১০

**একক-২**

(গ) নায়ক চরিত্র হিসাবে ‘চন্দ্রগুপ্ত’ কতটা সার্থক হয়েছে — আলোচনা করো। ১০

**অথবা**

(ঘ) ‘চন্দ্রগুপ্ত’ নাটকে সঙ্গীতের ব্যবহার কতখানি যথার্থ — বিশ্লেষণ করো। ১০

**একক-৩**

(ঙ) ‘ফেরারী ফৌজ’ নাটকটিকে কী জাতীয় নাটক বলা যায় — আলোচনা করো। ১০

**অথবা**

(চ) ‘ফেরারী ফৌজ’ নাটকে নীলমণি চরিত্রটি নির্মাণে নাট্যকার কতখানি সফল হয়েছেন, তা যুক্তিসহ আলোচনা করো। ১০

**একক-৪**

(ছ) ‘ফুল্লকেতুর পালা’ নাটকটির নামকরণ কি যথাযথ হয়েছে — সে সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

**অথবা**

(জ) ‘ফুল্লকেতুর পালা’ নাটকে পুরাণের ফুল্লরা কতটা আধুনিক হয়ে উঠেছে — বিশ্লেষণ করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY

## বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ =১০

(ক) ‘খালেদ চৌধুরী টিউনিং ফর্ক নিয়ে বেরুলেন পুরোনো লোহালক্কড়ের খোঁজ করতে’ — কী কারণে খালেদ চৌধুরী লোহালক্কড়ের দোকানে বেরিয়েছিলেন ? প্রসঙ্গ নির্দেশ করে এর প্রয়োজনীয়তা বিচার করো। ২+৩

(খ) ‘আমি চন্দ্রগুপ্তের মা, এই আমার পরম গৌরব। তার বাড়া গৌরব চাই না।’ — প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৩

(গ) ‘মুহূর্তের অসাবধানতায়ও একথা বার করা চলবে না-এর শাস্তি মৃত্যুদণ্ড’ — কথাটি কী ? এর ফল কী হয়েছিল ? ২.৫+২.৫

(ঘ) ‘ঘরে ঘরে বাত্তা পাঠ্যাও, যার য্যা আছে তাই লিয়ে লড়তে হবে।’ — প্রসঙ্গ নির্দেশ করে ঘটনাটি বর্ণনা করো। ২+৩

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K.N.C Road, Barasat, Kol-124"

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 6th Semester Examination, 2022

## BNGADSE05T-BENGALI (DSE3/4)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

### বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

**একক-১**

(ক) পঞ্চাশের মন্বন্তরের বাস্তব রূপ বর্ণনা করে বাংলা উপন্যাসে তার কতটা প্রতিফলন ঘটেছে সে বিষয়ে আলোকপাত করো। ১০

**অথবা**

(খ) দেশভাগের করুণ কাহিনি বাংলা ছোটগল্পের জগৎকে কতটা আন্দোলিত করেছে, দুটি ছোটগল্প অনুসরণে তার পরিচয় দাও। ৫+৫

**একক-২**

(গ) ‘অশনি সংকেত’ উপন্যাসের নামকরণ কতখানি শিল্পসার্থক হয়েছে — আলোচনা করো। ১০

**অথবা**

(ঘ) ‘অশনি সংকেত’ উপন্যাসের কাহিনি গ্রন্থণে দুটি অপ্রধান চরিত্রের ভূমিকা বিশ্লেষণ করো। ৫+৫

**একক-৩**

(ঙ) ‘আগুনপাখি’ উপন্যাসটি আসলে এক নারীর একক প্রতিবাদ — আলোচনা করো। ১০

**অথবা**

(চ) আঞ্চলিক ভাষা প্রয়োগের দ্বারা ‘আগুনপাখি’ উপন্যাসটি কতটা শিল্পসার্থক হয়েছে — তা বিশ্লেষণ করো। ১০

**একক-৪**

(ছ) ‘ড্রেসিংটেবিল’ গল্প দেশভাগজনিত অস্থির সময়ের আয়না হয়ে উঠেছে — আলোচনা করো। ১০

**অথবা**

(জ) ‘কে বাঁচায় কে বাঁচে’ গল্পটির বিষয়বস্তুর আলোকে নামকরণের সার্থকতা বিচার করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY

## বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটির শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) ‘The Great Calcutta Killing’ - শব্দটি কোন্ ঘটনাকে চিহ্নিত করে ? ঘটনাটির নাতিদীর্ঘ বর্ণনা করো। ১+৪

(খ) ‘সেদিন হাটে একটা ঘটনা দেখে গঙ্গাচরণ নয়, হাটের সব লোকই অবাক হয়ে গেল।’ — ঘটনাটি সম্পর্কে আলোচনা করো। ৫

(গ) ‘মাথায় আমার বাজ পড়ল।’ - কোন্ কথা শুনে বক্তার মাথায় বাজ পড়ল ? এ বিষয়ে বক্তার মানসিক অবস্থা উল্লেখ করো। ২+৩

(ঘ) ‘ভুলুম না ভাই এই রাত্রের কথা। নসিবে থাকলে আবার তোমার লগে মোলাকাত হইব।’ - কোন্ রাত্রের কথা এখানে বলা হয়েছে ? বক্তার পরিণাম কী হয়েছিল ? ১+৪

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K.N.C Road, Barasat, Kol-124"

लक्ष्यं सिद्धमानम्

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 6th Semester Examination, 2022

## BNGADSE06T-BENGALI (DSE3/4)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

**একক-১**

(ক) ‘‘নূতন কালের প্রেরণায়, নবীনের আকর্ষণে, সাহিত্যের আসরে
নূতন কথা বলবার জন্য কবির মন আর একবার জেগে উঠল।’’ ১০

— ‘নূতন কাল’ বলতে কোন্ সময়কে নির্দেশ করা হয়েছে ? ‘নূতন কথা’ বলতে কবিমন কেনই বা উন্মুখ — ‘রবীন্দ্রজীবনকথা’ অনুসরণে বুঝিয়ে দাও।

**অথবা**

(খ) ‘‘ইংলন্ডে মাস চার থেকে রবীন্দ্রনাথ পুত্র পুত্রবধূকে নিয়ে আমেরিকায় গেলেন (১৯১২, ২৮ নভেম্বর)।’’ — এই আমেরিকা ভ্রমণে রবীন্দ্রনাথের যে অভিজ্ঞতা লাভ হয়, তা রবীন্দ্রজীবনকথা অনুসরণে সংক্ষেপে বিবৃত করো। ১০

**একক-২**

(গ) ‘‘বিদ্যালয়োত্তর একটা প্রতিষ্ঠানকে যুক্ত করা হল এই নতুন উদ্যোগে। এই প্রতিষ্ঠানের নাম বিশ্বভারতী।’’ ১০

— কোন্ ভাবাদর্শে প্রাণিত হয়ে রবীন্দ্রনাথ বিশ্বভারতী প্রতিষ্ঠা করলেন, তা আলোচনা করো।

**অথবা**

(ঘ) বিশ্বভারতীর ‘সঙ্গীত ভবন’-এর গুরুত্ব নির্দেশ করো। ১০

**একক-৩**

(ঙ) শিলাইদহ পর্বে রবীন্দ্রনাথের পল্লীভাবনার অন্তর্গত কৃষি ও স্বাস্থ্য সম্পর্কিত চিন্তার মূল সূত্রগুলির পরিচয় দাও। ১০

**অথবা**

(চ) শ্রীনিকেতনে গ্রামোন্নয়ন কর্মসূচিতে বিভিন্ন কুটির শিল্পের পুনরুজ্জীবনের ক্ষেত্রে রবীন্দ্রনাথের পরিকল্পনার পরিচয় দাও। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY

### একক-৪

(ছ) 'আমি ছড়াকে মেঘের সহিত তুলনা করিয়াছি।' – 'ছেলেভুলানো ছড়া' সম্পর্কে রবীন্দ্রনাথের এই মন্তব্যের যথার্থতা নির্দেশ করো। ১০

**অথবা**

(জ) 'বঙ্গসাহিত্যের স্বল্পক্ষণস্থায়ী গোধূলি-আকাশে' অকস্মাৎ যে লোকমনোরঞ্জক কবি-গান-এর উৎসারণ, 'লোকসাহিত্য'-এর অন্তর্গত 'কবি-সংগীত' প্রবন্ধ অনুসরণে তার স্বরূপ ও প্রকৃতি নির্ণয় করো। ১০

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে) ৫×২ = ১০

(ক) ''কবি তাঁর নাম দিলেন 'নলিনী।' '' – রবীন্দ্রনাথ কার নাম দিয়েছিলেন 'নলিনী' ? এঁর সম্পর্কে 'রবীন্দ্রজীবনকথা'-য় কী বলা হয়েছে ? ১+৪

(খ) শান্তিনিকেতনে ব্রহ্মবিদ্যালয় প্রতিষ্ঠা হয় কবে ? কত জন ছাত্র নিয়ে বিদ্যালয় শুরু হয় ? তাদের নাম লেখো। এই ছাত্রদের ব্রহ্মচর্যে কে দীক্ষিত করেন ? ১+০.৫+২.৫ +১

(গ) গ্রাম সংগঠনে রবীন্দ্রনাথের উদ্যোগে কালীমোহন ঘোষের অবদান সংক্ষেপে আলোচনা করো। ৫

(ঘ) 'কন্যা আমাদের গৃহের এক মস্ত ভার।' ৫

হরগৌরী ছড়া প্রসঙ্গে রবীন্দ্রনাথ 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধে কেন একথা বলেছেন, বুঝিয়ে লেখো।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K.N.C Road, Barasat, Kol-124

**WEST BENGAL STATE UNIVERSITY**
B.A. Honours 6th Semester Examination, 2021

# BNGACOR13T-BENGALI (CC13)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

**প্রতিটি একক থেকে *একটি* করে প্রশ্ন নিয়ে মোট *চারটি* প্রশ্নের উত্তর দাও** ১০×৪ = ৪০

**একক-১**

১।(ক) কালিদাসের যে-কোনো **দুটি** নাটক অবলম্বনে তাঁর নাট্য প্রতিভার পরিচয় দাও। ৫+৫

**অথবা**

(খ) 'কাদম্বরী কথা' গ্রন্থের রচয়িতা কে ? এটি কোন্ জাতীয় রচনা ? এই গ্রন্থটি অবলম্বনে রচয়িতার কবি প্রতিভার পরিচয় দাও। ১+১+৮

**একক-২**

২।(ক) যে-কোনো দুটি ট্র্যাজেডিধর্মী নাটক অবলম্বনে ট্র্যাজেডি নাটক রচনায় শেক্সপীয়রের কৃতিত্ব বিশ্লেষণ করো। ৫+৫

**অথবা**

(খ) ইংরেজি সাহিত্যে ডিকেন্সের জনপ্রিয়তার কারণ কি ? এ বিষয়ে শরৎচন্দ্রের সঙ্গে তাঁর তুলনা কতদূর সঙ্গত আলোচনা করো। ৬+৪

**একক-৩**

৩।(ক) বাস্তব সমাজকেন্দ্রিক ছোটোগল্প রচনায় মুন্সী প্রেমচাঁদের কৃতিত্ব নিরূপণ করো। ১০

**অথবা**

(খ) 'ছায়াবাদ' বলতে কি বোঝো ? ছায়াবাদী কবি হিসেবে মহাদেবী বর্মার প্রতিভার পরিচয় দাও। ৩+৭

**একক-৪**

৪।(ক) অসমিয়া কাব্য-সাহিত্যে হিতেশ্বর বরবরুয়ার অবদান সম্পর্কে আলোচনা করো। ১০

**অথবা**

(খ) অসমিয়া কথাসাহিত্যে লক্ষ্মীনাথ বেজবরুয়ার অবদান সম্পর্কে আলোকপাত করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K N C Road, Barasat, Kol-124

৫। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২= ১০

(ক) সংক্ষেপে উত্তর দাওঃ (যে-কোনো ***একটি***)

মেঘদূত, গীতগোবিন্দ, উত্তর রামচরিত।

(খ) সংক্ষেপে উত্তর দাওঃ (যে-কোনো ***একটি***)

প্যারাডাইস্ লস্ট, ওড টু এ নাইটিঙ্গেল, ম্যান এ্যান্ড সুপারম্যান।

(গ) সংক্ষেপে উত্তর দাওঃ (যে-কোনো ***একটি***)

পল্টুবাবু রোড, কুকুর মত্তা, অতীত কি চলচিত্র।

(ঘ) অসমিয়া ছোটোগল্পে লক্ষ্মীনাথ ফুকনের অবদান সংক্ষেপে আলোচনা করো।

**অথবা**

সংক্ষেপে অসমিয়া কাব্য-সাহিত্যের ইতিহাসে চন্দ্রধর বরুয়ার কবি প্রতিভার পরিচয় দাও।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

## WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 6th Semester Examination, 2021

## BNGACOR14T-BENGALI (CC14)

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

### বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

**একক-১**

(ক) ‘ইংলন্ডে বঙ্গমহিলা’ গ্রন্থের ষষ্ঠ অধ্যায়ে কৃষ্ণভাবিনীর বর্ণনায় লন্ডন শহরের ছবি যেভাবে ধরা পড়েছে, তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

**অথবা**

(খ) ‘ইংলন্ডে বঙ্গমহিলা’ গ্রন্থে ইংলন্ডের বাণিজ্য, কারুকর্ম এবং শ্রমজীবী মানুষ সম্পর্কে যে ধারণা পাওয়া যায়, তা নিজের ভাষায় লেখো। ১০

**একক-২**

(গ) ‘য়ুরোপ প্রবাসীর পত্র’ গ্রন্থের প্রথম পত্র অবলম্বনে রবীন্দ্রনাথের সমুদ্রযাত্রার বর্ণনা দাও। ১০

**অথবা**

(ঘ) “এ বিষয়ে একটা দিশি পুতুল ও একটা বিলিতি পুতুলের যতটুকু তফাত, আমাদের দেশের ও এ-দেশের মেয়েদের মধ্যে ততটুকু তফাত মাত্র।” – ‘য়ুরোপ প্রবাসীর পত্র’ গ্রন্থের সপ্তম পত্র অবলম্বনে উদ্ধৃতাংশটি বিশ্লেষণ করো। ১০

**একক-৩**

(ঙ) মুজতবা আলীর ‘দেশে বিদেশে’ ভ্রমণকাহিনি হয়েও আফগানিস্তানের লিখিত ইতিহাসেরও অসামান্য উপস্থাপনা। – মন্তব্যটির যথার্থতা নির্ণয় করো। ১০

**অথবা**

(চ) মুজতবা আলীর ‘দেশে বিদেশে’ রচনা কোন্ প্রেক্ষিতে সরস, মেধাবী এবং বর্ণময়, তা আলোচনা করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K N C Road, Barasat Kol-124

**একক-৪**

(ছ) ভ্রমণসাহিত্য হিসেবে ‘হে পূর্ণ, তব চরণের কাছে’ গ্রন্থটির স্বাতন্ত্র্য ও অনন্যতা কোথায় বুঝিয়ে লেখো। ১০

**অথবা**

(জ) “আবার আসব হিমালয়, আবার দেখা হবে।” – ‘হে পূর্ণ, তব চরণের কাছে’ গ্রন্থে হিমালয়ের যে সামগ্রিক ভাবকল্প নবনীতা দেবসেনের চেতনায় ও লেখনীতে প্রতিফলিত হয়েছে, তার পরিচয় দাও। ১০

**বিভাগ-খ**

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটির শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) “লন্ডনে অনেক আশ্চর্য দৃশ্য আছে, কিন্তু আমাদের কাছে মাটির নীচের লন্ডন অতি অদ্ভুত বলিয়া মনে হয়।” – ব্যাখ্যা করো। ৫

(খ) “আর এথেল তার আঙ্কল্ আর্থারকে মুহূর্ত ছেড়ে থাকতে চায় না” – ‘এথেল’ এবং আঙ্কল্ আর্থারের পরিচয় দাও। ৫

(গ) “সে বলল, ‘মা খু চিহল্ ও পঞ্জম্ হস্তম্’ অর্থাৎ, ‘আমি তো পঁয়তাল্লিশ নম্বরের’।” – ব্যাখ্যা করো। ৫

(ঘ) “এতক্ষণে বেশ ইন্টারেস্টিং লাগছে সাধুকে।” – সাধুটির পরিচয় দাও। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 6th Semester Examination, 2021

## BNGADSE04T-BENGALI (DSE3/4)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

**প্রতিটি একক থেকে *একটি* করে প্রশ্ন নিয়ে মোট *চারটি* প্রশ্নের উত্তর দাও** ১০×৪ = ৪০

**একক-১**

১।(ক) 'সন্মার্গ-সপর্যা' প্রবন্ধ গ্রন্থে 'রক্তকরবী-তে সঙ্গীত প্রয়োগ' প্রবন্ধে শম্ভু মিত্র রবীন্দ্রনাথের 'রক্তকরবী' নাটকের গানগুলিতে যেভাবে বাদ্যযন্ত্র ব্যবহারের বিবরণ দিয়েছেন তার পরিচয় দাও। ১০

(খ) 'সন্মার্গ-সপর্যা' প্রবন্ধ গ্রন্থে 'নবনাট্যের বিচার' প্রবন্ধে প্রাবন্ধিক সমকালীন নবনাট্য আন্দোলনের যে মূল্যায়ন করেছেন তা পর্যালোচনা করো। ১০

**একক-২**

২।(ক) 'চন্দ্রগুপ্ত' নাটকে চাণক্য চরিত্রটি নাটকটিতে কতখানি অপরিহার্য হয়ে উঠেছে, তা বিশ্লেষণ করো। ১০

(খ) ঐতিহাসিক নাটক হিসেবে 'চন্দ্রগুপ্ত' নাটকটির সার্থকতা বিচার করো। ১০

**একক-৩**

৩।(ক) 'ফেরারী ফৌজ' নাটকটির নামকরণের সার্থকতা প্রতিপন্ন করো। ১০

(খ) 'ফেরারী ফৌজ' নাটকে অশোক চট্টোপাধ্যায় চরিত্রটি আলোচনা করো। ১০

**একক-৪**

৪।(ক) "প্রাণবন্ত সংলাপের ভাষা 'ফুল্লকেতুর পালা'র প্রধান আকর্ষণ" — মন্তব্যটির সারবত্তা বিচার করো। ১০

(খ) 'ফুল্লকেতুর পালা'য় কালকেতু চরিত্রের নব নির্মাণে নাট্যকারের সার্থকতা আলোচনা করো। ১০

৫। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর সংক্ষেপে দাওঃ ৫×২ = ১০

(ক) 'দৈর্ঘে সে তোমারই মত ছিল। আর দেখতে ? - দেখতে অনেকটা তোমারই মত' — সপ্রসঙ্গ ব্যাখ্যা করো। ৫

(খ) "সত্য সেলুকস! কি বিচিত্র এই দেশ!" — উক্তিটি কার ? কাকে উদ্দেশ্য করে তাঁর এই উক্তি ? উক্তিটির মর্মার্থ বিশ্লেষণ করো। ১+১+৩

(গ) "বারুদের স্তূপের ওপর বসে আছি, বুঝলেন না ? সেখানে আর আগুনের ফুলকিতে কাজ নেই।" — প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ৫

(ঘ) "হেই মা অরণ্যচণ্ডী কালুবীরকে রক্ষা কর মা।" — বক্তা কে ? কালুবীরের সঙ্গে বক্তার কি সম্পর্ক ? প্রসঙ্গ উল্লেখ করো। ১+১+৩

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Programme 6th Semester Examination, 2021

## BNGGDSE04T-BENGALI (DSE2)

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　১০×৪ = ৪০

**একক - ১**

(ক) ‘সধবার একাদশী’ নাটকে সমকালীন সমাজচিত্রের পরিচয় দাও।　　১০

**অথবা**

(খ) ‘এমন কর্ম আর করব না’ প্রহসনটির নামকরণের সার্থকতা বিচার করো।　　১০

**একক - ২**

(গ) ঐতিহাসিক নাটক হিসেবে গিরিশচন্দ্র ঘোষের ‘সিরাজদ্দৌল্লা’ নাটকের সার্থকতা বিচার করো।　　১০

**অথবা**

(ঘ) গিরিশচন্দ্র ঘোষের ‘সিরাজদ্দৌল্লা’ নাটকের সিরাজদ্দৌল্লা চরিত্রটি আলোচনা করো।　　১০

**একক - ৩**

(ঙ) ‘চণ্ডালিকা’ নাটকটির মূল উৎস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করে নাটকটি মূলের প্রকৃত অনুসরণ কিনা তা বুঝিয়ে দাও।　　৩+৭

**অথবা**

(চ) ‘চণ্ডালিকা’ নাটকে ‘প্রকৃতি’ চরিত্র কতখানি সার্থক হয়েছে আলোচনা করো।　　১০

**একক - ৪**

(ছ) ‘কারাগার’ নাটকটির নামকরণের সার্থকতা বিচার করো।　　১০

**অথবা**

(জ) ‘কারাগার’ নাটকের চন্দনা চরিত্রের গুরুত্ব আলোচনা করো।　　১০

BARASAT GOVT COLLEGE LIBRARY

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) ‘এ ব্যাটার মতন মিথ্যেবাদী তো আমি দুনিয়ায় দেখিনি’— কার উক্তি ? প্রসঙ্গ উল্লেখ করে বুঝিয়ে দাও। ১+২+২

(খ) মীরজাফর কোরাণ স্পর্শ করে ক’টি প্রতিজ্ঞা করেছিলেন ? প্রতিজ্ঞাগুলি কি কি ? ১+৪

(গ) ‘প্রাণটা উঠলো চমকে, শিউরে উঠে প্রণাম করলেম দূর থেকে’ – কার, কখন এই অনুভূতি হয়েছিল ? প্রসঙ্গ উল্লেখ করে বুঝিয়ে দাও। ২+৩

(ঘ) ‘সম্রাট আমি আপনার জন্মরহস্য জানি’— কে, কাকে বলেছিল ? জন্মরহস্য সংক্ষেপে উল্লেখ করো। ২+৩

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY Barasat, Kol-124, "10 K N C Road"

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 6th Semester Examination, 2021

## BNGADSE05T-BENGALI (DSE3/4)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

### বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

#### একক-১

(ক) দেশভাগের ইতিহাসের বাস্তব রূপ বাংলা সাহিত্যে কীভাবে প্রকাশ পেয়েছে, কয়েকটি উপন্যাস অনুসরণে তার পরিচয় দাও। ১০

**অথবা**

(খ) উনিশশো ছেচল্লিশের দাঙ্গা-রাজনীতির ট্রাজেডি বাংলা ছোটগল্পের পরিসরে কীভাবে এসেছে, সংশ্লিষ্ট কয়েকটি রচনা অবলম্বনে আলোচনা করো। ১০

#### একক-২

(গ) ‘অশনি সংকেত’ উপন্যাসে মন্বন্তরের যে বাস্তব এবং ভয়াবহ চিত্র তুলে ধরেছেন ঔপন্যাসিক, তার পরিচয় দাও। ১০

**অথবা**

(ঘ) গঙ্গাচরণ ও অনঙ্গ-বৌ চরিত্র দুটির আলোচনাসূত্রে দেখাও যে, মন্বন্তর-বিধ্বস্ত পরিবেশের মধ্যে কীভাবে নতুন জীবনের বার্তা আভাসিত হয়েছে। ১০

#### একক-৩

(ঙ) দেশভাগের পটভূমিকায় উপন্যাসকে ছুঁয়ে ‘আগুনপাখি’ কোন্ অর্থে স্মৃতির আখ্যান হয়ে উঠেছে, তার পরিচয় দাও। ১০

**অথবা**

(চ) ‘আগুনপাখি’ উপন্যাসের নামের ব্যঞ্জনা বিষয়বস্তুর প্রেক্ষিতে কতটা যথার্থ হয়ে উঠেছে ? ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K.N.C Road, Barasat, Kol-124

**একক-৪**

(ছ) ''দেশভাগের নিভৃত ক্রন্দন নরেন্দ্রনাথ মিত্রের 'পালঙ্ক' গল্পের মূল উপজীব্য।'' – মন্তব্যটির যথার্থতা নির্ণয় করো। ১০

**অথবা**

(জ) নোয়াখালি দাঙ্গার প্রেক্ষাপটে হিন্দুর সংকটকে কেন্দ্রে রেখে এক তরুণের নিজের সম্প্রদায়ের পাপস্খালনের ব্রতপালন বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের 'প্রায়শ্চিত্ত' গল্প। – আলোচনা করো। ১০

**বিভাগ-খ**

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটির শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) মন্বন্তরকেন্দ্রিক যে-কোনো একটি ছোটগল্প সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

(খ) ''অনাহারে প্রথম মৃত্যুর অশনি-সংকেত।'' – প্রথম মৃত্যুটি কার ? এই মৃত্যুর মধ্যে দিয়ে কোন্ 'অশনি-সংকেত' দ্যোতিত হচ্ছে, তা সংক্ষেপে বুঝিয়ে দাও। ১+৪ = ৫

(গ) ''আমি কিসের লেগে কি ছাড়লম ? অনেক ভাবলম। শ্যাষে একটি কথা মনে হলো, আমি আমাকে পাবার লেগেই এত কিছু ছেড়েছি।'' – কোন্ প্রসঙ্গে এই বক্তব্যের অবতারণা ? এই বক্তব্যের মধ্যে দিয়ে বক্তার নতুন ব্যক্তিপরিচয় কীভাবে পরিস্ফুট হয়েছে ? ২+৩ = ৫

(ঘ) ''হাড় ওরা পেয়েছে, কেবল মন্ত্র পাওয়াটাই বাকি।'' – বক্তব্যটির নিহিতার্থ পরিস্ফুট করো। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

লক্ষ্যং বিশ্বমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 6th Semester Examination, 2021

## BNGADSE06T-BENGALI (DSE3/4)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

### বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

#### একক-১

(ক) "সাধারণ ব্রাহ্মসমাজের আহ্বানে (১৩১৫ শ্রাবণ) কলিকাতার মন্দিরে এক ভাষণে তিনি এই প্রশ্ন তুললেন – ভারতের ইতিহাস কাদের ইতিহাস।" – এই পর্বে কবির ভারত – আদর্শের সমগ্রতাকে উপলব্ধি করবার যে প্রয়াস লক্ষ্য করা যায়, 'রবীন্দ্র জীবনকথা' অনুসরণে তার পরিচয় দাও। ১০

অথবা

(খ) "জন্মোৎসবের পরে কবি আবার য়ুরোপ চলেছেন। এবার যাচ্ছেন ইটালি।" – ইটালি ভ্রমণের অভিজ্ঞতার সঞ্চয় কীভাবে রবীন্দ্রজীবনীতে স্থান পেয়েছে তার পরিচয় দাও। ১০

#### একক-২

(গ) শান্তিনিকেতন ব্রহ্মচর্যাশ্রমকে কেন্দ্র করে রবীন্দ্রনাথের এই পর্বের শিক্ষাচিন্তার পরিচয় দাও। ১০

অথবা

(ঘ) রবীন্দ্র সমকালে কলাভবনের যে-কোনো দুজন শিক্ষকের অবদান সম্পর্কে আলোচনা করো। ১০

#### একক-৩

(ঙ) রবীন্দ্রনাথ শ্রীনিকেতনের প্রতিষ্ঠা করে বিজ্ঞানভিত্তিক কৃষির পাশাপাশি দুর্দশাগ্রস্ত গ্রামগুলির পুনর্গঠনের কাজে যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করেছিলেন তা নিজের ভাষায় লেখো। ১০

অথবা

(চ) রবীন্দ্রনাথের সমবায় নীতির মূলসূত্রগুলির পরিচয় দাও। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K.N.C Road, Barasat, Kol-124

**একক-৪**

(ছ) ছেলেভুলানো ছড়ার সংগ্রাহক হিসাবে রবীন্দ্রনাথের ভূমিকা পর্যালোচনা করো। ১০

**অথবা**

(জ) ''নিম্নসাহিত্য এবং উচ্চসাহিত্যের মধ্যে বরাবর ভিতরকার একটি যোগ আছে'' – রবীন্দ্রনাথের এই উক্তির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

**বিভাগ-খ**

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে) ৫×২ = ১০

(ক) 'রবীন্দ্র জীবনকথা'য় 'হিন্দুমেলার উৎসব' সম্পর্কে কী বলা হয়েছে ? এই প্রসঙ্গে রবীন্দ্রনাথ কোন্ গানটি লিখেছিলেন বলে জীবনীকার মনে করেন ? ৪+১

(খ) শান্তিনিকেতন আশ্রমে উদ্‌যাপিত যে-কোনো দুটি উৎসবের পরিচয় দাও। ২.৫+২.৫

(গ) শান্তিনিকেতন পল্লী উন্নয়ন পরিকল্পনায় লেওনার্ড এলমহার্স্টের অবদান সংক্ষেপে আলোচনা করো। ৫

(ঘ) কবিগানকে রবীন্দ্রনাথ 'নষ্ট পরমায়ু' বলেছেন কেন সংক্ষেপে বিশ্লেষণ করো। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——